UCB

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।

# বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

## (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউসিবি, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর** এর ঋণগ্রহীতা **মেসার্স নাঈম এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-মোঃ ফারুক আহম্মদ, ব্যবসায়িক ঠিকানা**-আনারকলি রোড, টঙ্গী, গাজীপুর, আবাসিক ঠিকানা-মোগরখাল, ডাকঘর-জাতীয় বিশ্ববিদ্যালয়, থানা-গাজীপুর সদর, জেলা-গাজীপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় **বিগত ২৩/০৮/২০১৬ ইং** তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা **মোট ২,৪৪,৪০,৪২৬.৬৯ (দুই কোটি চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার চারশত ছাব্বিশ টাকা ঊনসত্তর পয়সা) টাকা** সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-গাজীপুর সদর, গাজীপুর কালেক্টরীর তৌজিভূক্ত জে.এল. সাবেক ৭২ নং আর.এস. ৫২ নং মোগরখাল মৌজাস্থিত খতিয়ান নং-সি.এস. ৪৮, এস.এ. ৮৩, আর.এস. ২১৫, দাগ নং-সি.এস. ও এস.এ. ১২৭, আর.এস. ৬০৩, মোট জমির পরিমাণ ১৪.০২ শতাংশ এবং তদুপরিস্থিত সেমিপাকা ভবন যাহার চৌহদ্দী-উত্তরে-ইমামউদ্দিন, দক্ষিণে-মোঃ আতাউর রহমান, পূর্বে-মোঃ মোক্তার হোসেন এবং পশ্চিমে-দেওয়ারিশ মিয়া।

২। জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-শ্রীপুর, গাজীপুর কালেক্টরীর তৌজিভূক্ত জে.এল. ৭ নং কেওয়া মৌজাস্থিত খতিয়ান নং-সি.এস. ৬৯, ৬৮, এস.এ. ১৪৫১, আর.এস. ৪২৫, দাগ নং-সি.এস. ও এস.এ. ৫২৬, আর.এস. ৯১৭০, মোট জমির পরিমাণ ২২.৭৫ শতাংশ যাহার চৌহদ্দী-উত্তরে-কবরস্থান, দক্ষিণে-ফাইজ উদ্দিন মোল্লা, পূর্বে-রাস্তা এবং পশ্চিমে-ফাইজ উদ্দিন মোল্লা।

৩। জেলা-গাজীপুর, থানা-গাজীপুর সদর, সাব-রেজিষ্ট্রি অফিস-টঙ্গী, গাজীপুর কালেক্টরীর তৌজিভূক্ত জে.এল. সাবেক ১৬০ নং হাল ১০১ নং খিলগাঁও মৌজাস্থিত খতিয়ান নং-সি.এস. ৫৩, এস.এ. ১০৯, আর.এস. ২১৮, দাগ নং-সি.এস. ও এস.এ. ৬৮৩, আর.এস. ৯৯২, মোট জমির পরিমাণ ৩৫ শতাংশ যাহার চৌহদ্দী-উত্তরে-রাস্তা, দক্ষিণে-আব্দুল হান্নান, পূর্বে-ন্যাশনাল ফ্যান লিঃ এবং পশ্চিমে-মইজ উদ্দিন।

## নিলামের শর্তাবলী

১। **আগামী ২২/০৯/২০১৬ ইং** বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর** এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার মারফত **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর** অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অনুরূপ নিয়মে পরিশোধে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত আইন (সংশোধনী), ২০১০ এর ৩৩ (২) ধারানুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানাত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃক পক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাদিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদীর সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।**